



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ফোন : ৯৫৬০৭৩৭
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
(এক্সটেনশন-২৪৩)
E-mail : dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ-২

নং-বিকেবি-প্রকা/ক্রঃ বিঃ-২(এসএমই)-৭(৮)/২০১৯-২০২০/১২২

তারিখ : ০৮/০৮/২০১৯

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : ২০১৯-২০২০ অর্থ বছরে বিভাগ ওয়ারী এসএমই ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়,

বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশের সার্বিক অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ (এসএমই) খাতের গুরুত্ব অপরিহার্য। এসএমই খাতের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অধিকতর গতিশীল ও ফলপ্রসূ করার লক্ষ্যে ঋণ বিতরণের পাশাপাশি আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ আবশ্যিক হয়ে পড়েছে। শ্রেণীকৃত ঋণ বৃদ্ধি পেলে ব্যাংকের আয় হ্রাসসহ সার্বিক কর্মকাণ্ডে নেতিবাচক প্রভাব পড়বে। তাই ব্যাংকের বিভাগওয়ারী শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঋণ স্থিতির বিষয়টি বিবেচনায় নিয়ে ২০১৯-২০ অর্থবছরের এসএমই ঋণ আদায় লক্ষ্যমাত্রা নিম্নরূপভাবে নির্ধারণ করে দেয়া হলোঃ


ক্রঃ নং	বিভাগের নাম	২০১৯ - ২০২০ অর্থ বছরে এসএমই ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা				(কোটি টাকায়)
		শ্রেণীকৃত এসএস ঋণের ১০০%	শ্রেণীকৃত ডিএফ ঋণের ১০০%	শ্রেণীকৃত বিএল ঋণের ১০০%	শ্রেণী যোগ্য ঋণের ১০০%	মোট
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭ (৩+৪+৫+৬)
১	ঢাকা	৬.৮৮	১.৮১	৩৯.০০	৭৪.৫১	১২২.২০
২	ময়মনসিংহ	৫.৬৫	১.০৩	২২.৬৯	৪০.২৫	৬৯.৬২
৩	চট্টগ্রাম	০.৯৫	০.৩৭	১৯.২৭	৪৭.৮০	৬৮.৩৯
৪	খুলনা	০.৫৯	০.২৬	৮.৩৮	২৮.০০	৩৭.২৩
৫	বরিশাল	০.৭২	০.২৫	৩.৮৬	৯.০০	১৩.৮৩
৬	সিলেট	০.৬৩	০.২০	১৭.৩৫	২৪.৭৫	৪২.৯৩
৭	কুমিল্লা	৫.৭০	১.১২	৩০.২৮	৫৮.০০	৯৫.১০
৮	কুষ্টিয়া	১.৬৫	০.৪৯	৭.১১	৩৯.০০	৪৮.২৫
৯	ফরিদপুর	১.২০	০.১৪	৭.১১	৩০.০০	৩৮.৪৫
১০	এলাপিও	০	০	০	১৪.০০	১৪.০০
মোটঃ		২৩.৯৭	৫.৬৭	১৫৫.০৫	৩৬৫.৩১	৫৫০.০০

* বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চল/শাখার ঋণ আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণকালে বিবেচ্য অঞ্চল/শাখার শ্রেণীকৃত এসএমই ঋণের ১০০% এবং শ্রেণীযোগ্য এসএমই ঋণের ১০০% আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।

০২। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা কর্পোরেট শাখা/ মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ে বটন পূর্বক বন্ডিত লক্ষ্যমাত্রার একটি অনুলিপি ত্রৈমাসিক ভিত্তিতে প্রেরণ করবেন। একইভাবে বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বটন করবেন।

০৩। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৬/২০১০ (এসএমই ঋণ নীতিমালা) তারিখ ৩০/১১/২০১০ এ বন্ডিত ঋণ আদায় সংক্রান্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক চলতি ২০১৯-২০ অর্থবছরে এসএমই ঋণ আদায় লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ এবং অঞ্চল প্রধানগণ উক্ত ঋণ আদায় লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নিমিত্তে শাখার কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-


(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক


পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-বিকেবি-প্রকা/ক্রঃ বিঃ-২(এসএমই)-৭(৮)/২০১৯-২০/১২২(১২৫০)

তারিখঃ এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক- ২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ/ ঋণ আদায় বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা; (তাকে পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৬. উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা / সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (শাখাসমূহে বন্ডিত লক্ষ্যমাত্রার একটি কপি প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগ-২ এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৭. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮. নথি/ মহানথি।


(জাফরুল হাসান)
উপ-মহাব্যবস্থাপক